

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd



স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৬৭৬.১৪-৪৩৪

তারিখঃ ১২/১১/২০২০ খ্রি:


অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিভূক্ত বরিশাল জেলার মেহেন্দীগঞ্জ উপজেলায় কর্মরত মাঠ সংগঠক জনাব লিটন চন্দ্র সিকদার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার বিষয়ে তার প্রেরিত জবাব ও সংশ্লিষ্ট এআরডিও কর্তৃক প্রেরিত তথ্যের অসঙ্গতি রয়েছে মর্মে প্রতীয়মান হয়। এছাড়া উক্ত উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ দ্রুত বৃদ্ধি পাচ্ছে। তাছাড়া ঝালকাঠি সদর উপজেলার কর্মসূচির প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা প্রয়োজন। তাই বরিশাল জেলার মেহেন্দীগঞ্জ উপজেলার মাঠ সংগঠক জনাব লিটন চন্দ্র সিকদার এর কর্মস্থলে অনুপস্থিতির বিষয়সহ মেয়াদোত্তীর্ণ খেলাপী বৃদ্ধির প্রকৃত তথ্য উৎঘাটন এবং ঝালকাঠি সদর ও আঁগৈলঝাড়া উপজেলার কর্মসূচির প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করার জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলোঃ

১. জনাব নাসিমা আখতার, উপপ্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা : আহবায়ক
২. জনাব মোঃ আল-আমিন, সহকারী পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা : সদস্য

কার্যপরিধিঃ

১. জনাব লিটন চন্দ্র সিকদার, মাঠ সংগঠক, মেহেন্দীগঞ্জ এর কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে প্রকৃত তথ্য উৎঘাটন ও সুপারিশ প্রণয়ন;
 ২. বর্ণিত উপজেলাসমূহের ইরেসপো কর্মসূচির ক্যাশ বহি, সাধারণ খতিয়ান, ঋণ খতিয়ান, ঋণ সংক্রান্ত নথি, এফডিআর রেজিস্ট্রার, পাশ বহি ইসু রেজিস্ট্রার, সেবামূল্যের বিভাজনের হিসাবসহ যাবতীয় রেজিস্ট্রার ও নথি যাচাইপূর্বক সুপারিশ প্রণয়ন;
 ৩. বর্ণিত উপজেলাসমূহের মেয়াদোত্তীর্ণ খেলাপী বৃদ্ধির কারণ অনুসন্ধানসহ দায়ী ব্যক্তিদের চিহ্নিতকরণ;
- ২। বর্ণিত কমিটিকে ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে পরিদর্শন প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
৩। কর্মসূচির স্বার্থে এ আদেশ জারি করা হলো।


মোহাম্মদ শাহিদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ বরিশাল/ঝালকাঠি।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. জনাব নাসিমা আখতার, উপপ্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৪. জনাব মোঃ আল-আমিন, সহকারী পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ মেহেন্দীগঞ্জ/আঁগৈলঝাড়া/ঝালকাঠি সদর, জেলাঃ বরিশাল/ঝালকাঠি।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ মেহেন্দীগঞ্জ/আঁগৈলঝাড়া/ঝালকাঠি সদর, জেলাঃ বরিশাল/ঝালকাঠি।
৭. অফিস কপি/ গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য :

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।